

স্মারক নং-০৫.৪৩.৮১১০.০০০.১৪.০১৭.২২-১৩৭

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮
২৩ ফেব্রুয়ারি ২০২২

উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৯/০২/২০২২ইং তারিখের বাঘা ওয়াকফ স্টেট, বাঘা, রাজশাহী এর উপদেষ্টা পরিষদ সভার (অধিবেশন-০১/২০২২) কার্যবিবরণী এবং ১৫/০২/২০২২ইং তারিখে অনুষ্ঠিত বাঘা মাজার দিঘীর মাছ ওপেন ডাক/উন্মুক্ত নিলাম সংক্রান্ত আহ্বায়ক কমিটির সভার কার্যবিবরণী মোতাবেক বাঘা ওয়াকফ স্টেট এর অধিভুক্ত বাঘা দিঘীর মাছ প্রকাশ্যে/উন্মুক্ত নিলাম ডাকের মাধ্যমে মাছ বিক্রয় করা হইবে। আগামী ২১/০৩/২০২২ ইং তারিখে রোজ সোমবার বেলা ১০.০০ ঘটিকায় বাঘা মাজার চত্বরে উন্মুক্ত/নিলাম অনুষ্ঠিত হবে।

শর্তাবলী নিম্নরূপঃ

০১. ওপেন ডাক/উন্মুক্ত নিলাম অনুষ্ঠানের পূর্বে জামানত হিসাবে যেকোনো তফসিল ভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার বাঘা, রাজশাহীর অনুকূলে ২৫,০০,০০০.০০ (পঁচিশ লক্ষ) টাকার বিডি/জামানত (ফেরত যোগ্য) কর্তৃপক্ষের নিকট জমা দিয়ে ওপেন ডাক/উন্মুক্ত নিলামে অংশগ্রহণ করতে হবে।
০২. ওপেন ডাক/উন্মুক্ত নিলাম ডাকে সর্বোচ্চ ডাককারী/দরদাতাকে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে সমুদয় অর্থ পরিশোধ করতে হবে। অন্যথায় তার ডাক/দরপত্র বাতিল ও দাখিলকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তী সর্বোচ্চ ডাককারী/দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে অথবা কমিটি প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।
০৩. সর্বোচ্চ ডাককারী/দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ০২ (দুই) মাসের মধ্যে দিঘীর মাছ ধরা সম্পন্ন করতে হবে।
০৪. কোন প্রকার বিষ/রাসায়নিক প্রয়োগ করে দিঘীর মাছ ধরা যাবে না।
০৫. ওপেন ডাক/উন্মুক্ত নিলামে সর্বোচ্চ দরদাতা কর্তৃক কোনভাবেই পুনরায় ওপেন ডাক/উন্মুক্ত নিলাম/টিকিটের মাধ্যমে ছিপ দিয়ে মাছ ধরা যাবে না।
০৬. ওপেন ডাক/উন্মুক্ত নিলামে সর্বোচ্চ দরদাতা কোনভাবেই নতুন করে দিঘীতে মাছ ছাড়তে পারবেন না।
০৭. পানি নিষ্কাশন/পানি সেচের মাধ্যমে দিঘী হতে মাছ ধরা যাবে না।
০৮. মাছ ধরার সময় কোন প্রকার আইন শৃংখলা পরিপন্থি/আইন শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটে এমন কাজ করা যাবে না।
০৯. কোন প্রকার দুর্ঘটনার জন্য বাঘা ওয়াকফ স্টেট কর্তৃপক্ষ দায়ী থাকবেনা।
১০. ডাক চূড়ান্ত হওয়ার পর সর্বোচ্চ দরদাতাকে কর্তৃপক্ষের সংগে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্টাম্পে ০৭ (সাত) দিনে মধ্যে চুক্তিবদ্ধ হতে হবে।
১১. কর্তৃপক্ষ যে কোন ডাক গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করার ক্ষমতা রাখেন।
১২. এ কমিটি প্রয়োজনে কোন শর্ত আরোপ ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

(পাপিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
বাঘা, রাজশাহী
ফোন নং ০৭২৩৩৫৬০০২(অফিস)
unobagha@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১১০.০০০.১৪.০১৭.২২-১৩৭

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮
২৩ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতির জন্যে প্রেরণ করা হলোঃ-

০১. জেলা প্রশাসক, রাজশাহী
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও সভাপতি, বাঘা ওয়াকফ স্টেট উপদেষ্টা কমিটি, রাজশাহী।
০৩. জনাব শাহাদুল ইসলাম, উপজেলা মহাস্ব অফিসার, বাঘা, রাজশাহী।
০৪. জনাব রতন কুমার ফৌজদার, উপজেলা প্রকৌশলী, বাঘা, রাজশাহী।
০৫. জনাব মোঃ সাজ্জাদ হোসেন, অফিসার ইনচার্জ, বাঘা থানা, রাজশাহী।
০৬. জনাব মিলন কুমার দাস, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, বাঘা, রাজশাহী।
০৭. জনাব খন্দকার মানসুরুল ইসলাম, মোতওয়ালী বাঘা ওয়াকফ স্টেট, বাঘা, রাজশাহী।
০৮. জনাব মাছ ব্যবসায়ী/সাধারণ ব্যবসায়ী।
০৯. নোটিশ বোর্ড।

(পাপিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
বাঘা, রাজশাহী
ফোন নং ০৭২৩৩৫৬০০২(অফিস)
unobagha@mopa.gov.bd